

৬ষ্ঠ অধ্যায়
ডাটাবেজ ম্যানেজমেন্ট সিস্টেম
মডেল-০৩

১. ► রিয়াজ সাহেব একটি আর্থিক প্রতিষ্ঠানের IT অফিসার। তিনি প্রতিষ্ঠানের ফাইল থেকে গ্রাহকদের প্রয়োজনীয় তথ্যাবলী সরবরাহ করে থাকেন। তিনি প্রতিষ্ঠানের লেনদেনের তথ্যসমূহ একটি ফাইলে সংরক্ষণ করেন এবং নিয়ম মোতাবেক গ্রাহকদের সরবরাহ করেন। অত্যন্ত দায়িত্বশীল বলে ডেটা সিকিউরিটির দায়িত্ব তার হাতে ন্যস্ত।

ক. RDBMS কী? ১

খ. ডেটাবেজের মধ্যে ডেটা ইনপুট ও খোঁজার SQL সিনটেক্স লিখ। ২

গ. উদ্দীপকে রিয়াজ সাহেব কীভাবে গ্রাহকদের আর্থিক তথ্যাবলি সংরক্ষণ করেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. ডেটা সিকিউরিটির দায়িত্ব কীভাবে পালন করলে সর্বোচ্চ নিরাপত্তা সম্ভব বলে তুমি মনে কর? ব্যাখ্যা কর।

৪

২. ► Customer Table

C-ID	C-name	Address
101	AA	B – para
102	AC	D – para
103	AA	N – para
104	AD	A – para

Product Table

P-ID	P-name	C-ID
01	Pen	102
02	Pencil	101
03	Doll	103
04	Khata	101

ক. DBMS কী? ১

খ. ফিল্ড ও রেকর্ড এক নয়- ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উপস্থাপিত টেবিল দুটিতে কী ধরনের রিলেশন হতে পারে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উপস্থাপিত ২য় টেবিলটি তৈরির জন্য প্রয়োজনীয় SQL কমান্ড লিখ। ৪